ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা-১০০০।
ওয়েব সাইটঃ www.org.bb.bd

সার্কুলার লেটার নং-০৩

তারিখঃ ফাল্গুন ১৮, ১৪২১ বাং
মার্চ ০২, ২০১৫ ইং

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল অনুমোদিত ডিলার ব্যাংক

**৪(চার)মাস পর ছাড়কৃত পণ্যের কাষ্টমস্ সার্টিফাইড বিল অব এন্ট্রি পাওয়া গেলে ওভারডিউ বিল অব এন্ট্রির waiver প্রদান প্রসংগে।**

প্রিয় মহোদয়,

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগের ১৯/০৬/২০০৫ তারিখের বৈমুনীবি/(আমদানী-২)/১/২০০৫ নং সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উল্লিখিত সূত্রের নির্দেশনা অপরিবর্তিত রেখে এ' মর্মে অবহিত করা যাচ্ছে যে, ৪(চার)মাস পর ছাড়কৃত পণ্যের কাষ্টমস্ সার্টিফাইড বিল অব এন্ট্রি পাওয়া গেলে সেসকল মেয়াদোত্তীর্ণ বিল অব এন্ট্রির তথ্য মাসিক বিবরণীতে প্রদর্শণের দায় হতে অব্যাহতি নেয়ার আবশ্যকতা নেই। তবে, যেসব আমদানিকৃত পণ্যের বিল অব এন্ট্রি পাওয়া যায়নি অর্থাৎ হারিয়ে যাওয়া পণ্য, কাষ্টমস্ কর্তৃক নিলাম হওয়া পণ্য, দুর্ঘটনাজনিত কারণে পণ্য না পাওয়া ইত্যাদির বিপরীতে আইএমপিতে রিপোর্টকৃত পণ্য মূল্য মাসিক ওভারডিউ বিল অব এন্ট্রির তথ্য বিবরণীতে প্রদর্শণের দায় হতে অব্যাহতির(waiver) জন্য অত্র বিভাগের অনুমতি গ্রহণ করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,

(তোফাজ্জল হোসেন)
উপ-মহাব্যবস্থাপক